

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ধর্মপাশা, সুনামগঞ্জ।

স্মারক নং- ০৫.৪৬.৯০৩২.০০৫.০০.০৪৮.১৬- ১৭(২৫)

তারিখ : ০৫ জানুয়ারি, ২০১৭।

বিষয় : উপজেলা উন্নয়ন মেলায় অংশগ্রহণ নিশ্চিত করণক্রমে বাস্তবায়িত উন্নয়নমূলক প্রকল্পের তথ্যাদি প্রদর্শন করা প্রসঙ্গে।

(০১) প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা এর স্মারক নং-৪০০ তারিখ : ০৪/০৮/২০১ খ্রিঃ।

(০২) স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর স্মারক নং-১৮০৫ তারিখ : ২২/১২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহিত উন্নয়ন কার্যক্রম প্রাথমিক পর্যায়ে জনগণের সামনে তুলে ধরার উদ্দেশ্যে উপজেলা পর্যায়ে "উন্নয়ন মেলা" আয়োজনে সরকারি সিদ্ধান্তের ধারাবাহিকতায় ধর্মপাশা উপজেলা পরিষদ চত্বরে আগামী ০৯-১১ জানুয়ারি-২০১৭ খ্রিঃ ০৩(তিন) দিন ব্যাপি উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় আবশ্যিকভাবে ইউনিয়ন পরিষদকে আবশ্যিকভাবে অংশগ্রহণক্রমে বরাদ্দকৃত স্টলে তাঁর দপ্তরের বাস্তবায়িত উন্নয়ন মূলক কার্যক্রম প্রদর্শন করার জন্য অনুরোধ করা হলো। মেলায় তার জন্য বরাদ্দকৃত স্টলের সন্মুখভাগে প্রকাশ্য প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মনোগ্রাম সম্বলিত নিম্নবর্ণিত ০৩টি শ্লোগানসহ পোস্টার/ব্যানার/ফেস্টুন স্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

"উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র"

"শেখ হাসিনার দর্শন  
বাংলাদেশের উন্নয়ন"

"শেখ হাসিনার দর্শন  
সব মানুষের উন্নয়ন"

উল্লেখ্য মেলায় নিম্নের বিষয়গুলো বিশেষভাবে গুরুত্বের সাথে প্রদর্শন করা যেতে পারে :

- ০১) জন্ম নিবন্ধন কার্যক্রমের ডিজিটাইজেশন এবং এ কার্যক্রমের সফলতা ;
- ০২) ইউনিয়ন ডিজিটাল সেন্টার চালু এবং এর কার্যক্রমের সফলতা ;
- ০৩) Activating Village Court শীর্ষক প্রকল্পের মাধ্যমে স্থানীয়ভাবে বিরোধ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ।
- ০৪) উনুস্ত বাজেট পদ্ধতির মাধ্যমে উন্নয়ন কার্যক্রমে স্থানীয় জনগণের প্রত্যক্ষ অংশগ্রহণ নিশ্চিতকরণ ;
- ০৫) ইউপিজিপি এলজিএসপি প্রভৃতি প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন পরিষদের সক্ষমতা বৃদ্ধি ও জবাবদিহিতা প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ।

চেয়ারম্যান ..... ইউপি(সকল)  
ধর্মপাশা, সুনামগঞ্জ।

(মোঃ ইয়াছিন কবীর)  
উপজেলা নির্বাহী অফিসার(ভাঃপ্রাঃ)  
ধর্মপাশা, সুনামগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০২। উপজেলা চেয়ারম্যান, ধর্মপাশা, সুনামগঞ্জ।
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(শিক্ষা ও তথ্য প্রযুক্তি), সুনামগঞ্জ।
- ০৪। অফিস কপি।